# বেগম খালেদা জিয়াকে দেখতে হাসপাতালে তিন বাহিনীর প্রধান



সংগৃহীত ছবি

বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়াকে দেখতে হাসপাতাল যান তিন বাহিনীর প্রধান। তারা সাবেক প্রধানমন্ত্রীর স্বাস্থ্যের খোঁজখবর নেন।

মঙ্গলবার (২ ডিসেম্বর) রাত ৯টার পর এভারকেয়ার হাসপাতালে উপস্থিত হন সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান, নৌবাহিনীর প্রধান অ্যাডমিরাল মোহাম্মদ নাজমুল হাসান এবং বিমান বাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খান।

ডা. এ জেড এম জাহিদ হোসেন জানান, খালেদা জিয়ার অবস্থা এখনও সঙ্কটাপন্ন। তিনি বলেন, “মেডিকেল বোর্ডের পরামর্শ ছাড়া তাকে বিদেশে নেওয়া যাবে না। বর্তমানে যে চিকিৎসা দেওয়া হচ্ছে, সেটি গ্রহণ করতে পারছেন। যুক্তরাজ্য থেকে আসা বিশেষজ্ঞরা তার অবস্থা মূল্যায়ন করবেন। প্রয়োজন হলে তাদের পরামর্শ অনুযায়ী তাকে বিদেশে নেওয়া হবে।”

ডা. জাহিদ আরও বলেন, “রোগীর বর্তমান অবস্থাকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। মেডিকেল বোর্ডের অনুমোদন ছাড়া কোনো পদক্ষেপ নেওয়া সম্ভব নয়, তবে আমাদের সব প্রস্তুতি রয়েছে।”

LENS ASIA